

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বস্ত্র ও পাট মন্ত্রণালয়  
পাট-১ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
[www.motj.gov.bd](http://www.motj.gov.bd)

বিষয়ঃ Viscose এবং পাট থেকে প্রাকৃতিক তন্তুজাত ব্যাগ উৎপাদন সংক্রান্ত কার্যক্রমের সর্বশেষ অগ্রগতি পর্যালোচনার সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মির্জা আজম,  
মাননীয় প্রতিমন্ত্রী, বস্ত্র ও পাট মন্ত্রণালয়  
সভার তারিখ : ১০ আগস্ট ২০১৭  
সময় : বেলা ১২-১২.৩০ টা  
স্থান : বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের সভাকক্ষ (বারো তলা)  
উপস্থিতি : পরিশিষ্ট “ক”

আলোচনা ও সিদ্ধান্তঃ

০২। সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি জানান যে, মাননীয় প্রধানমন্ত্রী ২০১৪ সালের ১২ অক্টোবর বস্ত্র ও পাট মন্ত্রণালয় পরিদর্শনকালে “বিজেএমসিকে নিজের পায়ের দাঁড়াতে হবে” মর্মে নির্দেশনা প্রদান করেন। মাননীয় প্রধানমন্ত্রীর উক্ত নির্দেশনা মোতাবেক বিজেএমসি’র আয় বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন কার্যক্রম গ্রহণ করা হয়েছে। উক্ত কার্যক্রমের গতি অনেক ক্ষেত্রে সন্তোষজনক নয়। Viscose এবং পাট থেকে প্রাকৃতিক তন্তুজাত সদৃশ ব্যাগ উৎপাদন সংক্রান্ত কার্যক্রমের গতি আরো বাড়ানো প্রয়োজন ছিল মর্মে তিনি উল্লেখ করেন। বিজেএমসিকে উক্ত কাজগুলো সর্বশেষ অগ্রগতি বিষয়ে উপস্থাপন করার জন্য তিনি অনুরোধ জানান।

০৩। Viscose এর সর্বশেষ অগ্রগতি সম্পর্কে বিজেএমসির উপদেষ্টা জনাব বাবুল চন্দ্র রায় জানান যে, Viscose Plant এর Pre-feasibility রিপোর্ট ইতোমধ্যে প্রস্তুত করা হয়েছে। Pre-feasibility রিপোর্টের জন্য গঠিত কমিটি নিম্নরূপ সুপারিশসহ প্রতিবেদন দাখিল করেছে:

1. A viscose plant may be established for 30,000 MT to meet the demand of textiles and knitting industries of Bangladesh.
2. The viscose plant may be established at Cooperative Jute Mills, Ghorashal, Norshingdi, as the area is surrounded with other similar industries, the opposite side of the river may be used for non-plan accommodation and future extension.
3. Since the project is a highly chemical-technological process, large in size and a huge amount of money is involved, so a comprehensive-techno-economic feasibility study may be performed by appointing an international consulting firm.
4. Appointing an International Consulting Firm shall perform ITB documents for selection EPC contractor in two stages following applicable STD CPTU Documents (where applicable).
5. The source of fund may be G to G, or Public Private Partnership (PPP) or by GOB.
6. The project may be implemented on complete turnkey basis.

তিনি আরো জানান যে, Viscose Plant স্থাপনের জন্য ডিপিপি প্রস্তুতের কাজ দ্রুত গতিতে করা হচ্ছে। আগামী সপ্তাহের মধ্যে ডিপিপি মন্ত্রণালয়ে প্রেরণ সম্ভব হবে।

০৪। পাট থেকে প্রাকৃতিক তন্তুজাত ব্যাগ উৎপাদন সংক্রান্ত কার্যক্রমের সর্বশেষ অগ্রগতির উপর বিজেএমসির উপদেষ্টা জনাব ড. মোবারক আহমদ খান পাওয়ার পয়েন্টে একটি উপস্থাপনা করেন। উপস্থাপনা শেষে তিনি জানান যে পাট থেকে তৈরী পলিব্যাগ উৎপাদনের জন্য ইতোমধ্যে কিছু মেশিনারি ক্রয় করা হয়েছে। তিনি আরো জানান যে, ইতোমধ্যে মালেশিয়া গিয়ে কিছু মেশিনারি পরিদর্শন করা হয়েছে। উক্ত মেশিনারিগুলোর মধ্যে অনেকগুলি বাংলাদেশে তৈরী করা সম্ভব। তবে, জাপান এবং জার্মানীতে এ সংক্রান্ত মেশিনারি থাকায় সেগুলি পরিদর্শন করে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ আবশ্যিক। এ সকল কার্যক্রম দ্রুততম সময়ের মধ্যে করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।

০৫। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়:

- (১) Viscose Plant স্থাপনের জন্য ডিপিপি আগামী সপ্তাহের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;
- (২) পাট থেকে প্রাকৃতিক তন্তুজাত ব্যাগ উৎপাদনের জন্য মেশিনারি ক্রয়সহ সকল কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে; এবং
- (৩) Viscose, পাট থেকে প্রাকৃতিক তন্তুজাত সদৃশ ব্যাগ উৎপাদন এবং পাট পাতা থেকে পানীয় তৈরি সংক্রান্ত কার্যক্রমের ফলোআপ সভা আগামী ২৪/০৮/১৭ তারিখ আহ্বান করতে হবে।

০৬। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-  
তাং ২০/০৮/১৭  
(মির্জা আজম)  
প্রতিমন্ত্রী  
বন্দ্র ও পাট মন্ত্রণালয়